**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**
**আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং**
**আইন বিষয়ে জনসচেতনতা শীর্ষক প্রকল্প**
**২৪/ডি তোপখানা রোড (৮ম তলা), সেগুনবাগিচা,ঢাকা।**

স্মারকনং-৫৫.০০.০০০০.১২০.১৪.০০৭.২২-২৮ তারিখঃ ০৯/১১/২০২২ইং

# আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র আহবান বিজ্ঞপ্তি

আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা শীর্ষক প্রকল্প, তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকায় নিম্ন বর্ণিত সেবার জন্য আউটসোর্সিং পদ্ধতিতে জনবলের সেবা গ্রহণের উদ্দেশ্যে স্বীকৃত প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে।

সরবরাহতব্য জনবলের যোগ্যতা সংক্রান্ত তথ্য:

| ক্রমিক নং | সেবার নাম | সেবার সংখ্যা | সেবার ক্যাটাগরি | বয়সসীমা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৪ | ৫ |
| ০১ | কম্পিউটিং সেবা | ০২ একক | ক্যাটাগরি-১ | সরকার নির্ধারিত | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার কাজে অন্যূন ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা; (গ) কম্পিউটারে বাংলা ও ইংরেজিতে টাইপিং এ ২০ ও ২৫ শব্দের গতি। |
| ০২ | অফিস সহায়ক সেবা | ০২ একক | ক্যাটাগরি-৫ | সরকার নির্ধারিত | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ০৩ | নিরাপত্তা সেবা | ০১ একক | ক্যাটাগরি-৫ | সরকার নির্ধারিত | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ০৪ | পরিচ্ছন্নতাকর্মী সেবা | ০১ একক | ক্যাটাগরি-৫ | সরকার নির্ধারিত | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন জুনিয়ার স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |

শর্তাবলি:

১। অভিজ্ঞতা সম্পন্ন জনবল সরবরাহকারী আগ্রহী প্রতিষ্ঠানকে জনবল সরবরাহের প্রস্তাব দাখিল করতে হবে।

২। নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোনো ব্যক্তির সাথে চুক্তি হবে না বা কোনো ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।

৩। নিয়োজিত কর্মচারীকে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

৪। আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা ও নির্দেশনা ইত্যাদি অনুসরণ করা হবে।

৫। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের পরিপত্র নং ০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-৫০০, তারিখ:- ১৮/১২/২০১৯ মোতাবেক সংশ্লিষ্ট সেবাসমূহের সেবামূল্য নির্ধারণ করা হবে।

৬। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ২০২১-২২ অর্থ বছরের আয়কর প্রদান ও সনাক্তকরণ নম্বর (TIN) থাকতে হবে এবং সরকারি প্রকল্পে জনবল সরবরাহের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতার স্বপক্ষে ন্যূনতম ০২ (দুই) টি সরকারি অফিসে জনবল সরবরাহের প্রমাণক দাখিল করতে হবে।

৭। নিয়োজিত কর্মচারীকে ছুটির দিনে বা স্বাভাবিক অফিস সময়ের পরেও দায়িত্ব পালন করতে হবে।

৮।আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোনো কর্মচারী অদক্ষতা বা অবহেলার কারণে সরকারি কোনো সম্পদের ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে এর দায়িত্ব বহন করতে হবে।

৯। সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত বিল হতে, প্রযোজ্য ক্ষেত্রে, সরকারি নিয়ম অনুযায়ী ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।

১০। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যেকোনো পক্ষ ০২ (দুই) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।

১১। নিয়োজিত কর্মচারীকে শারীরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।

১২। নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জনবল সরবরাহের চুক্তিপত্র সম্পাদনের অব্যবহতি পরেই জনবল সরবরাহ করতে হবে।

১৩। আগ্রহী প্রতিষ্ঠানকে আগামী ০৪/১২/২০২২ তারিখ, দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে ৬ নং শর্তে উল্লেখিত কাগজপত্রসহ সীলগালাকৃত খামে, প্রকল্প পরিচালক, প্রকল্পের অস্থায়ী কার্যালয় (ভবন # ০৪, কক্ষ # ৬২২, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, রমনা, ঢাকা-১০০০) বরাবর দাখিল করতে হবে। একই তারিখে বেলা ২:০০ ঘটিকার সময় দরপত্র /প্রস্তাবসমূহ দরপত্রদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

১৪। নিয়োজিত কর্মচারীর প্রতিস্থাপন প্রয়োজন হলে সরবরাহকরী প্রতিষ্ঠান প্রতিস্থাপন করতে বাধ্য থাকবে। তবে কোনো জনবল কাজ করে দক্ষতা অর্জন করলে তাকে প্রতিস্থাপনের ক্ষেত্রে প্রকল্পের সম্মতি নিতে হবে।

১৫। কর্তৃপক্ষ শূন্য আউটসোর্সিং সেবার সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৬। কর্তৃপক্ষ যেকোনো দরপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

9/11/2022

(ড. মোহাম্মদ মহিউদ্দীন)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
টেলিফোন- ২২৩৩৯০০৬৫৩।